

এইচএসসি পরীক্ষার ফল প্রকাশ

পাসের হার ২৪.৮৬ ভাগ

রফিকুল বাসার ১১ বুধবার দেশের ৭টি শিক্ষা বোর্ডের এইচএসসি পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়েছে। একই সঙ্গে মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বোর্ডের সমমানের পরীক্ষার ফলাফলও প্রকাশিত হয়েছে।

ঢাকা, চট্টগ্রাম, সিলেট, বরিশাল, যশোর, রাজশাহী ও কুমিল্লা বোর্ড মিলে এইচএসসি পরীক্ষার গড় পাসের হার ২৪ দশমিক ৮৬

ভাগ। মাদ্রাসা বোর্ডের পাসের হার ২৬ দশমিক ৮৩ ভাগ ও কারিগরি বোর্ডের পাসের হার ৪৪ দশমিক ১১ ভাগ।

এইচএসসি পরীক্ষায় এবার গড় পাসের হার গতবছর থেকে ৩ দশমিক ৫৪ ভাগ কম। গতবার গড় পাসের হার ছিল ২৮ দশমিক ৪০ ভাগ। ৭ বোর্ডে এবার গড়ে ফেল করেছে ৭৫ দশমিক ১৪ ভাগ পরীক্ষার্থী।

৭টি শিক্ষা বোর্ডে মোট পরীক্ষার্থী ৫ লাখ ৮৬ হাজার ৪শ' ৫২ জন। এর মধ্যে পাস করেছে ১ লাখ ৪৫ হাজার ৮শ' ১৮ জন পরীক্ষার্থী। সব বোর্ড মিলে ছাত্রীদের পাসের হার ছাত্রদের তুলনায় বেশি। ছাত্র পাসের হার গড়ে ২৬ দশমিক ১৩ ভাগ এবং ছাত্র পাসের হার গড়ে ২৪ দশমিক ০৪ ভাগ।

৭টি শিক্ষা বোর্ড মিলে ৩ লাখ ৫৬

হাজার ৬শ' ৬৪ জন ছাত্রের মধ্যে পাস করেছে ৬০ হাজার ৫শ' ৪৯ জন। অন্যদিকে ২ লাখ ২৯ হাজার ৭শ' ৮৮ জন ছাত্রীদের মধ্যে পাস করেছে ৮৫ হাজার ৭শ' ৬৯ জন।

৭টি শিক্ষা বোর্ডের মধ্যে পাসের হার সবেচেয়ে বেশি যশোর বোর্ডে। যশোর বোর্ডের পাসের হার ৩৮ দশমিক ৩৫ ভাগ। সবেচেয়ে কম পাসের হার কুমিল্লায়। এ

বোর্ডে পাসের হার ১৭ দশমিক ১৩ ভাগ। ঢাকা বোর্ডে পাসের হার ৩৬ দশমিক ৫০ ভাগ, চট্টগ্রাম ২২ দশমিক ৩৫, সিলেট ২৮ দশমিক ৬৯, বরিশাল ২২ দশমিক ৫৮, রাজশাহী ১৮ দশমিক ১৮ ভাগ। ৭টি শিক্ষা বোর্ডে ১ম বিভাগ পেয়েছে মোট ৪৩ হাজার ৮শ' ৪৫ জন, ২য় বিভাগ ৮২ হাজার ২শ' ৪৮ জন এবং ৩য় বিভাগ পেয়েছে ১২ হাজার ৭শ' ১৫ জন।

ঢাকা বোর্ড

ঢাকা বোর্ডে যশোর বোর্ড ছাড়া অন্যান্য বোর্ডের তুলনায় ফলাফল ভাল হয়েছে।

৭ বোর্ডের সম্মিলিত মেধা তালিকা পৃষ্ঠা ৮-এ।

বোর্ডে ১ লাখ ৫৭ হাজার ৬শ' ৭০ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ৫৬ হাজার ৩শ' ১ জন। ছাত্র ৩১ হাজার ৬শ' ৪ এবং ছাত্রী ২৪ হাজার ৬শ' ২১ জন। সর্বমোট পাস করেছে ৪ হাজার ৬৩ জন।
ফল ৪ পৃঃ ১১ কঃ ১

ফল ৪ এইচএসসি পরীক্ষা

(১ম পৃষ্ঠার পর)

বিভাগ ২০ হাজার ৫শ' ৮১ জন, ২য় বিভাগ ২৯ হাজার ১শ' ৪৯ জন এবং ৩য় বিভাগ পেয়েছে ৬ হাজার ৫শ' ৭১ জন। বিজ্ঞান বিভাগে পাস করেছে ২৭ হাজার ৯শ' ৬৬ জন, মানবিক ২০ হাজার ৭শ' ৯০ জন ও বাণিজ্য বিভাগে পাস করেছে ১৭ হাজার ৫শ' ৪৫ জন পরীক্ষার্থী। ঢাকা বোর্ডে ছাত্রদের তুলনায় ছাত্রীদের পাসের হার বেশি। ছাত্রী পাস করেছে ৩৭ দশমিক ২২ ভাগ এবং ছাত্র পাস করেছে ৩৪ দশমিক ৬১ ভাগ।

চট্টগ্রাম বোর্ড

চট্টগ্রাম বোর্ডে ৪৫ হাজার ৫শ' ৫২ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ৯ হাজার ৯শ' ৩৪ জন। চট্টগ্রাম বোর্ডে ছাত্রীদের তুলনায় ছাত্র পাস করেছে বেশি। ছাত্র ৫ হাজার ৫শ' ১১ এবং ছাত্রী ৪ হাজার ৪শ' ২৩ জন। ১ম বিভাগ পেয়েছে ২ হাজার ৭শ' ৫৩ জন, ২য় বিভাগ ৫ হাজার ৪শ' ৫৭ জন ও ৩য় বিভাগ ১ হাজার ৭শ' ২৪ জন। বিজ্ঞান বিভাগে পাস করেছে ৩ হাজার ১শ' ৪৩ জন, মানবিক ২ হাজার ৬শ' ৬৭ জন এবং বাণিজ্য ৪ হাজার ১শ' ৬৭ জন।

সিলেট বোর্ড

সিলেট বোর্ডে ১৭ হাজার ৪শ' ৪৪ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ৪ হাজার ১শ' ৬৭ জন।

১৫ হাজার ২শ' ৫ জন। পাস করেছে ৪ হাজার ৩শ' ৬২ জন। ছাত্র পাস করেছে ২ হাজার ৪শ' ৭০ জন। ছাত্রী ১ হাজার ৮শ' ৯২ জন। ১ম বিভাগ পেয়েছে ৭শ' ১৫ জন, ২য় বিভাগ ২ হাজার ৫শ' ৫৮ জন ও ৩য় বিভাগ পেয়েছে ১ হাজার ৮৯ জন। বিজ্ঞানে পাস করেছে ১ হাজার ৩শ' ৩১ জন, মানবিক ২ হাজার ৩শ' ৫৮ জন ও বাণিজ্য ৫শ' ৭৩ জন।

কুমিল্লা বোর্ড

কুমিল্লা বোর্ডে গড়ে সব থেকে বেশি পরীক্ষার্থী ফেল করেছে। এ বোর্ডে ৫২ হাজার ৬শ' ৪২ জন ফেল করেছে। পাস করেছে ৮ হাজার ৩শ' ১৬ জন। পরীক্ষা দিয়েছে ৬০ হাজার ৯শ' ৫৮ জন। ১ম বিভাগ পেয়েছে ২ হাজার ১শ' ৪ জন, ২য় বিভাগ ৫ হাজার ১শ' ১৯ জন ও ৩য় বিভাগ পেয়েছে ১ হাজার ৯৩ জন। ছাত্র পাস করেছে ৫ হাজার ২শ' ৫০ জন এবং ছাত্রী পাস করেছে ৩ হাজার ৬৬ জন।

যশোর বোর্ড

সব বোর্ডের মধ্যে যশোর বোর্ডে পাসের হার সব থেকে বেশি। ৭৪ হাজার ৬শ' ৩৯ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ২৮ হাজার ৫শ' ২৩ জন। ৪৬ হাজার ৬শ' ৭৮ জন ছাত্রের মধ্যে পাস করেছে ১৭ হাজার ৭শ' ৮৪ জন। ২৭ হাজার ৯শ' ৬১ জন ছাত্রীদের মধ্যে পাস করেছে ১০ হাজার ৮শ' ৩৯ জন। বিজ্ঞান বিভাগে ৪ হাজার ৭শ' ৭১ জন, মানবিক বিভাগে ১৭ হাজার ৮শ' ৫৯ জন ও বাণিজ্যে পাস করেছে ৫ হাজার ৯শ' ৯৩ জন। ১ম বিভাগ পেয়েছে ৯ হাজার ২শ' ৭৯ জন, ২য় বিভাগ ১৬ হাজার ৩৭ জন ও ৩য় বিভাগ পেয়েছে ৩ হাজার ৩শ' ৭ জন।

বরিশাল বোর্ড

বরিশাল বোর্ডে ১ম বিভাগ পেয়েছে ১ হাজার ৯শ' ৭০ জন, ২য় বিভাগ ৫ হাজার ৩শ' ৩৪ জন ও ৩য় বিভাগ পেয়েছে ১ হাজার ১শ' ৬৬ জন। পাস করেছে ৮ হাজার ৪শ' ৭০ জন। পরীক্ষার্থীর সংখ্যা ৩৭ হাজার ৫শ' ৩ জন। বিজ্ঞান বিভাগে পাস করেছে ১ হাজার ৩শ' ১৭ জন, মানবিক ৪ হাজার ৯শ' ১৪ জন ও বাণিজ্যে ২ হাজার ২শ' ৩৯ জন। ছাত্র পাস করেছে ৫ হাজার ২শ' ৪৫ এবং ছাত্রী পাস করেছে ৩ হাজার ২শ' ২৫ জন।

রাজশাহী বোর্ড

৭ বোর্ডের সম্মিলিত ফল	
মোট পরীক্ষার্থী	৫৮৬৪৫২
মোট পাস	১৪৫৮১৮
গড় পাসের হার	২৪.৮৬
মোট ছাত্র	৩৫৬৬৬৪
মোট ছাত্রী	২২৯৭৮৮
মোট ছাত্র পাস	৮৫৭৬৯
মোট ছাত্রী পাস	৬০০৪৯
গড় ছাত্র পাসের হার	২৪.০৪
গড় ছাত্রী পাসের হার	২৬.১৩

বোর্ড	মোট	মোট পাস	গড় পাসের হার
ঢাকা	১৫৭৬৭০	৬৬৩০১	৩৬.৫৭
চট্টগ্রাম	৪৫৫৫২	৯৯৩৪	২২.৩৫
সিলেট	১৭৪৪৪	৪৩৬২	২৪.৬৯
কুমিল্লা	৬০৯৫৮	৮৩১৬	১৩.৬৩
যশোর	৭৪৬৩৯	২৮৫২৩	৩৮.৩৫
বরিশাল	৩৭৫০৩	৮৫৭০	২২.৫৮
রাজশাহী	১৭১৬৯৬	৩৮৮১২	২২.৫৮

